বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৪১৩ তারিখঃ ২৯-০৯-২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ছেঁড়াফাটা ও ত্রুটিপূর্ণ নোট ব্যাংক শাখায় গ্রহণ এবং উহার বিনিময় মূল্য প্রদান প্রসংগে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ১৪-০১-২০১৩ তারিখে পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে ৩০-০৯-২০২০ তারিখে জারীকৃত পরিপত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ছেঁড়ানোট/ ২০২০-২০২১/৫৩৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে নোটের মূল্য পরিশোধের ক্ষেত্রে Bangladesh Bank (Note Refund) Regulations-2012 এর বিধান মোতাবেক ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহণ ও উহার বিনিময়মূল্য প্রদানের ক্ষেত্রে ব্যাংক শাখার করণীয় বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। উক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহনের ক্ষেত্রে শাখা কর্তৃক কিছু অনিয়ম লক্ষ্য করা যাচ্ছে। তার মধ্যে উল্লেখযোগ্য হলো ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহন করে সরাসরি বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট বিভাগে প্রেরণ করেন এবং ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহনের ক্ষেত্রে যে আবেদন ফরম আছে তা গ্রাহক কর্তৃক পুরন করা হয় না।

০৪। এমতাবস্থায়, সকল শাখায় ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহণকালে পত্রের সাথে সংযুক্ত আবেদন ফরম মোতাবেক নোটের মূল্যমান, সিরিজ নম্বর, জমাদানকারীর নাম ও মোবাইল নম্বরসহ পূর্ণ ঠিকানা সম্বলিত আবেদনপত্রসহ নোট গ্রহণ করতে হবে। জামাদানকারীর আবেদনপত্রসহ গৃহীত ছেঁড়াফাটা, খন্ডিত ও ময়লাযুক্ত নোট শাখার ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিকটতম কার্যালয়ে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ঢাকা বিভাগের ক্ষেত্রে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল কার্যালয়, মতিঝিল, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ০১(এক) পাতা।

২৯/০৯/২০২১

জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

F:Khalafot/Circular

(৩১১৩২)
ফরম এল-২ (অনুচ্ছেদ ৬৯ ও ২২৬)
বহি নং

বাংলাদেশ ব্যাংক
ইস্যু বিভাগ
ঢাকা

( ২০........ ২০........ )

## ত্রুটিযুক্ত নোট / নোটসমূহের বিনিময় মূল্যের জন্য আবেদন পত্র।

বরাবর,
কারেন্সী অফিসার
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল অফিস
ঢাকা।

মহোদয়,

আমি/আমরা কাউন্টারে উপস্থাপিত/মানি অর্ডারযোগে প্রেরিত নিম্ন-বর্ণিত ত্রুটিপূর্ণ নোট/নোটসমূহের মূল্য প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

| সংখ্যা | মূল্যমান | মূল্য |
|---|---|---|
| | ১/= | |
| | ২/= | |
| | ৫/= | |
| | ১০/= | |
| | ২০/= | |
| | ৫০/= | |
| | ১০০/= | |
| | ৫০০/= | |
| | ১০০০/= | |
| মোট মূল্য টাকা | | |

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর ____________________

নাম ____________________

ঠিকানা ____________________

____________________

তারিখ ____________________

---

দাবি বহি নং খ/খ (ম) ( ২০..... ২০ ............)

ত্রুটিযুক্ত সর্বমোট টাকা____________________ (টাকা ____________________

____________________ মাত্র) এর মধ্যে কারেন্সী অফিসার মহোদয়ের

নিকট হইতে টাকা ____________________ (টাকা ____________________

____________________ মাত্র বুঝিয়া পাইলাম।

তারিখ

প্রাপকের স্বাক্ষর

---

নং এল-২ বহি নং খ/খ (ম)/গ ( ২০..... ২০ ............)

নাম ____________________ ঠিকানা ____________________

____________________ নিকট হইতে তাঁহার/তাঁহাদের ____________________

____________________ তারিখের দাবি পত্রের প্রেক্ষিতে ____________________টি ত্রুটিযুক্ত নোট

সর্বমোট মূল্য টাকা ____________________ (টাকা ____________________

____________________ মাত্র) বুঝিয়া পাইলাম।

বাংলাদেশ ব্যাংক, ইস্যু বিভাগ, ঢাকা।

পক্ষে কারেন্সী অফিসার